দলিল নং ৫৯২৮ তাং ২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কন ৪৩৪২৮৭৮

দলিল নং - ৫৯২৮
স্বাক্ষর = ৫০০×৮
=৮০০/-
মোট স্বাক্ষর = ৮টি

রেজিস্ট্রেশন বিধিমালার ২০ নং বিধি মোতাবেক ও ১৮৯৯ সনের ষ্ট্যাম্প আইনের বিধান মতে যথোপযুক্ত ষ্ট্যাম্প যুক্ত। ষ্ট্যাম্প মওকুফ/ষ্ট্যাম্প প্রয়োজন নাই। ১ (ক) তফসিল অনুযায়ী গ্রহন যোগ্য।
নং ৪+৪
আদায়কৃত ফিস
A- ১০০/-
E- ১০০/-
N- ২৮৮/-
NN- ৪৬২/-

সাব-রেজিস্ট্রার, পল্লবী
৩১/০৭/২০২৪

"বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম"

# "ঘোষণাপত্র দলিল"

(১) নাম- : শ্রী কৃষ্ণলাল মন্ডল,
পিতার নাম- : মৃতঃ কানাই মন্ডল,
মাতার নাম- : শ্রীমতি গয়াদাসী,
জন্ম তারিখ- : ২৫/১১/১৯৬৭ ইং,
ধর্ম- : সনাতন,
পেশা- : ব্যবসা,
জাতীয়তা- : বাংলাদেশী,
জাতীয় পরিচয়পত্র নং- ৬৪৪১২৬৭৫৩৮,
ঠিকানাঃ- গ্রাম- চটবাড়ী, মিরপুর, থানা- শাহ্‌আলী, জেলা- ঢাকা।

ছবি

কৃষ্ণলাল মন্ডল

সাব-রেজিস্ট্রার, পল্লবী
ঢাকা
১৮/০৭/২৪
১৮/০৭/২৪

(চলমান পাতা-২)

৩১ ধারা মতে বিজিট
রশিদ নং ২৫৩৯ তাং ১৫/৭
জে (১) এ ৩০০
টিএইচ ৫০০

এস,আর, পল্লবী, ঢাকা।
১৫/৭/২৪

রশিদ নং ৫৯৬২ মূলে নকলনবিশ পারিশ্রমিক
বাবদ ৪৬২ টাকা পাওয়া গেল

সাব-রেজিস্ট্রার, পল্লবী
ঢাকা।
১৭/৭/২৪

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

সাব-রেজিস্ট্রার এর মোহর
পল্লবী, ঢাকা

(পাতা নং-২)

(২) নাম- ঃ শ্রী সুখলাল মন্ডল,
পিতার নাম- ঃ মৃতঃ কানাই মন্ডল,
মাতার নাম- ঃ শ্রী গয়াদাসী মন্ডল,
জন্ম তারিখ- ঃ ১০/০৭/১৯৬৯ ইং,
ধর্ম- ঃ সনাতন,
পেশা- ঃ ব্যবসা,
জাতীয়তা- ঃ বাংলাদেশী,
জাতীয় পরিচয়পত্র নং- ৪১৯১২৭৯৮৫২,
ঠিকানাঃ- গ্রাম- চটবাড়ী, মিরপুর, থানা- শাহ্আলী, জেলা- ঢাকা।

ছবি

সুখলাল মন্ডল

(৩) নাম- ঃ শ্রী হরিলাল মন্ডল,
পিতার নাম- ঃ মৃতঃ কানাই মন্ডল,
মাতার নাম- ঃ শ্রীমতি গয়াদাসী,
জন্ম তারিখ- ঃ ২২/১০/১৯৭২ ইং,
ধর্ম- ঃ সনাতন,
পেশা- ঃ ব্যবসা,
জাতীয়তা- ঃ বাংলাদেশী,
জাতীয় পরিচয়পত্র নং- ২৩৯১৩০৮৬৬১,
ঠিকানাঃ- গ্রাম- চটবাড়ী, মিরপুর, থানা- শাহ্আলী, জেলা- ঢাকা।

ছবি

হরিলাল

===দলিল গ্রহিতাগণ (দ্বিতীয় পক্ষ)==

(চলমান পাতা-৩)

সাব-রেজিস্ট্রার এর মোহর
পল্লবী, ঢাকা

(পাতা নং-৩)

নাম- ঃ মুজতবা সাত্তার,
পিতার নাম- ঃ এম এ সাত্তার,
মাতার নাম- ঃ বেগম হোসনা জাহান,
জন্ম তারিখ- ঃ ০২/০৬/১৯৮০ ইং,
ধর্ম- ঃ ইসলাম,
পেশা- ঃ ব্যবসা,
জাতীয়তা- ঃ বাংলাদেশী,
জাতীয় পরিচয়পত্র নং- ৩২৯৩৭৪৯৩৩৩,
ঠিকানাঃ- বাসা নং-১, লেন-৮, সেকশন-১১, ব্লক-সি,
মিরপুর, থানা- পল্লবী, জেলা- ঢাকা।

ছবি

মুজতবা সাত্তার

===দলিল দাতা(প্রথম পক্ষ)===

পরম করুণাময় আল্লাহ তায়ালার নাম স্মরণ করিয়া ঘোষণাপত্র দলিলের বর্ণনা আরম্ভ করিলাম। যেহেতু নিম্ন তফসিল বর্ণিত দাগের সম্পত্তিতে রজনী মন্ডল সি,এস, এস,এ ও আর,এস জরিপে নিজনাম শুদ্ধরুপে রেকর্ডভুক্ত করাইয়া ভোগদখল করিতে থাকাবস্থায় তাহার মৃত্যুকালে একমাত্র কন্যা বেহুলা রানী ওরফে বেফুলা রানী মন্ডল'কে ওয়ারিশ জীবিত রাখিয়া মৃত্যুবরণ করেন। পরবর্তীতে বেহুলা রানী ওরফে বেফুলা রানী মন্ডল মৃত্যুবরণ করিলে তাহার তৎত্যাজ্যবিত্ত সম্পত্তিতে (১) শ্রী কানাই মন্ডল, (২) গনেশ মন্ডল ও (৩) মাধব মন্ডল নানার সম্পত্তির মালিক বিদ্যমান হন। পরবর্তীতে উক্ত শ্রী কানাই মন্ডল মৃত্যুবরণ করিলে তাহার তৎত্যাজ্যবিত্ত সম্পত্তিতে (১) শ্রী কৃষ্ণলাল মন্ডল, (২) শ্রী সুখলাল মন্ডল ও (৩) শ্রী হরিলাল মন্ডল পিতার ওয়ারিশ সূত্রে মালিক বিদ্যমান হন। অতঃপর অত্র দলিলের ১ নং গ্রহিতা নানার ওয়ারিশ সূত্রে (হিন্দু আইনে) এবং ২ নং হইতে ৪ নং দাতাগণ পিতার ওয়ারিশ সূত্রে মালিক বিদ্যমান হন।

(চলমান পাতা-৪)

সাব-রেজিস্ট্রার এর মোহর
পল্লবী, ঢাকা

(পাতা নং-৪)

যেহেতু আমি অত্র দলিল দাতা তফসিল বর্ণিত দাগের সম্পত্তিতে ওয়ারিশ সূত্রে ১৩২৫ অযুতাংশ জমির প্রকৃত মালিক যাহা আমার মাতা সি,এস ৪০৩ নং দাগ, আর,এস ৭৯৭ নং দাগ ও ঢাকা সিটি জরিপের ৬২০৪ নং দাগের ১৩২৫ অযুতাংশ জমি খরিদ সূত্রে মালিক ছিলেন। পরিতাপের বিষয় বর্তমান ঢাকা সিটি জরিপ রেকর্ড আরম্ভ হইলে আপনারা দলিল গ্রহিতাগণের নামে কিংবা আপনাদের পিতা-মাতার নামে রেকর্ডভুক্ত না হইয়া ভুলবসতঃ আমি অত্র দলিল দাতার মাতা বেগম হোসনা জাহান এর নামের ঢাকা সিটি জরিপের ১০২৫ নং খতিয়ানের ৬২০৪ নং দাগের ১৩২৫ অযুতাংশ জমির স্থলে ২৬৫০ অযুতাংশ জমি রেকর্ডভুক্ত হয়।

যেহেতু তফসিল বর্ণিত দাগের সম্পত্তিতে আপনারা দলিল গ্রহিতাগণের নামে কিংবা পূর্ববর্তী মালিকের নামে ঢাকা সিটি জরিপে রেকর্ডভুক্ত না হইয়া আমি দলিল দাতার মাতা বেগম হোসনা জাহান এর নামে রেকর্ডভুক্ত হইয়াছে সেহেতু আপনারা দলিল গ্রহিতাগণ আপনাদের বৈদ সম্পত্তি থাকাসত্ত্বেও নিজেদের নামে নামজারী করাইয়া সরকারের ধার্যকৃত খাজনাদি পরিশোধ করিতে পারিতেছেন না, এমনকি আপনাদের আর্থিক প্রয়োজনে তফসিল বর্ণিত সম্পত্তি অন্যত্র সাফ বিক্রয় করিতে পারিতেছেন না বিধায় আমি অত্র দলিল দাতার মাতার নামে ঢাকা সিটি জরিপের অতিরিক্ত রেকর্ডকৃত সম্পত্তি আপনারা দলিল গ্রহিতাগণের বরাবরে বুঝাইয়া দিয়া আমি অত্র দলিল দাতা এই মর্মে স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে অদ্য হইতে আমি অত্র দলিল দাতা (প্রথম পক্ষের) কিংবা আমার স্থলবর্তী ও পরবর্তী ওয়ারিশগনের কোন দাবী দাওয়া নাই ও রহিল না। অদ্য হইতে তফসিল বর্ণিত সম্পত্তির দাবী পরিত্যাগ পূর্বক অঙ্গীকার করিতেছি যে, ভবিষ্যতে তফসিল বর্ণিত সম্পত্তি আমি অত্র দলিল দাতা কিংবা আমার পরবর্তী অলি ওয়ারিশগণ কোন দাবী করিবে না। যদি ভবিষ্যতে আমার কোন অলি ওয়ারিশগণ তফসিল বর্ণিত সম্পত্তি দাবী করে তাহা হইলে উক্ত দাবী সর্বাদালতে অগ্রাহ্য ও বাতিল বলিয়া গণ্য হইবে। অদ্য হইতে তফসিল বর্ণিত দাগের সম্পত্তিতে আপনারা দলিল গ্রহিতাগণ ওয়ারিশ সূত্রে এবং অত্র ঘোষণাপত্র দলিল মূলে আপনাদের মালিকানাধীন সম্পত্তিতে মালিক বিদ্যমান হইয়া আপনাদের নামে নামজারী পূর্বক আপনাদের অলি ওয়ারিশগণক্রমে ভোগদখল, বসবাস, দান, কট, বিক্রয়, বন্ধন ইত্যাদি করিতে পারিবে, ইহাতে আমি অত্র দলিল দাতা কিংবা আমার ওয়ারিশগণের কোন ওজর আপত্তি নাই বা রহিল না, করিলেও তাহা আইনত অগ্রাহ্য বাতিল বলিয়া গন্য হইবে।

(চলমান পাতা-৫)

সাব-রেজিস্ট্রার এর মোহর
পল্লবী, ঢাকা

(পাতা নং-৫)

এতদ্বার্থে স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ মস্তিস্কে অন্যের বিনা প্ররোচনায় অত্র ঘোষণাপত্র দলিল পড়িয়া, বুঝিয়া, শুনিয়া উহার মর্ম উপলব্ধি করিয়া অত্র দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি, তারিখঃ- বাংলা ১৪৩১ সনের

**"সম্পত্তির তফসিল পরিচয়"**

জেলা- ঢাকা, থানা- রূপনগর ও সাব-রেজিষ্ট্রি অফিস পল্লবী অধীন, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত। মৌজা "গড়ান চটবাড়ী" স্থিত। সি,এস ৩৪৯ নং খতিয়ান, এস,এ ২৩৩ নং খতিয়ান, আর,এস ২৬৭ নং খতিয়ান, ঢাকা সিটি জরিপে ১০২৫ নং খতিয়ানের ১০২৫ নং জোতভুক্ত। সি,এস ও এস,এ ৪০৯ নং দাগ, আর,এস ৮০৫ নং দাগ, ঢাকা সিটি জরিপে ৬২০৪ নং দাগের মোট জমির কাতে ২৬৫০ অযুতাংশ জমি, উহার কাতে ১৩২৫ অযুতাংশ জমি অত্র দলিল দ্বারা ঘোষণাকৃত সম্পত্তি বটে।

অত্র দলিল হলফসহ (৮) পাতায় কম্পিউটার কম্পোজকৃত ও সাক্ষী (৩) জন।

কম্পোজ ও মুসাবিদাকারক
মো: রবিউল ইসলাম
(মোঃ রবিউল ইসলাম)
এস,আর,অফিস, মিরপুর, ঢাকা,
লাইসেন্স নং- ৯৮।

সাক্ষীগণের স্বাক্ষর ও ঠিকানাঃ-

১। মো: জুবায়ের
পিতা: মো: কামাল উদ্দিন
সাং- ২৬৫, আলুবদি মিরপুর-১২, ঢাকা,

২। মো: মহসিন
পিতা: মৃ: কামরুল হক
বাড়ী-২৭, আলুবদি, মিরপুর-১২,

৩। মো: বাশার
পিতা মো: আলী
বাসা- দক্ষিণ পাড়া, মিরপুর-১২,

(চলমান পাতা-৬)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কন ৪৩৪২৯৪৮

সাব-রেজিস্ট্রার এর অফিস পল্লবী, ঢাকা

মুজতবা সাত্তার

(পাতা নং-৬)

"হলফনামা"

বরাবর,

সাব-রেজিস্ট্রার, এস, আর, অফিস, পল্লবী, ঢাকা।

মুজতবা সাত্তার, পিতা- এম এ সাত্তার, মাতা- বেগম হোসনা জাহান, ঠিকানাঃ- বাসা নং-১, লেন-৮, সেকশন-১১, ব্লক-সি, মিরপুর, থানা- পল্লবী, জেলা- ঢাকা। জাতীয়তা- বাংলাদেশী, জাতীয় পরিচয়পত্র নং- ৩২৯৩৭৪৯৩৩৩, জন্ম তারিখ- ০২/০৬/১৯৮০ ইং, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা।

আমি এই মর্মে ঘোষণাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি বাংলাদেশের নাগরিক।

(ক) না-দাবীর জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ দালাল (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি,ও নং ৮) এর অধীন ক্রোকের আওতাধীন নহে।

(চলমান পাতা-৭)

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কন ৪৩৪২৯৪৭

সাব-রেজিস্ট্রার এর মোহর
পল্লবী, ঢাকা

(পাতা নং-৭)

(খ) না-দাবীর জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও নিষ্পত্তি) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি,ও নং ১৬) এর অর্থানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে।

(গ) না-দাবীর জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাততঃ বলবৎ কোন আইনের অধীন সরকারের বর্তায় নাই, বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই।

(ঘ) প্রস্তাবিত না-দাবী আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে।

(ঙ) প্রস্তাবিত না-দাবী বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ ১৯৭২ (১৯৭২ সনের পি,ও নং ৯৮) এর অনুচ্ছেদ ৫এ অনুযায়ী বাতিলযোগ্য নহে, এবং

(চ) না-দাবীর জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয়নাই এবং উল্লিখিত সম্পত্তি না-দাবীর করণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

(চলমান পাতা-৮)

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কন ৪৩৪২৮৯৮

সাব-রেজিস্ট্রার এর অফিস পল্লবী, ঢাকা

(পাতা নং-৮)

আমি আরও ঘোষণা করিতেছি যে, আমি দলিলে বর্ণিত সম্পত্তি ওয়ারিশ সূত্রে নিরঙ্কুশ মালিক। অন্য কোন পক্ষের সহিত এই সম্পত্তির বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও হস্তান্তর হয় নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই। এই সম্পত্তি সরকারী খাস/অর্পিত বা পরিত্যক্ত সম্পত্তি নয় বা অন্য কোনভাবে সরকারে উপর বর্তায় নাই। দলিলে বর্নিত কোন তথ্য ভুলভাবে লিপিবদ্ধ হইয়া থাকিলে তজ্জন্য আমি দায়ি হইব এবং আমার বিরুদ্ধে দেওয়ানী ও ফৌজদারি মামলা করা যাইবে। হস্তান্তরিত জমি সম্পর্কে কোন ভুল, অসত্য বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করিয়া থাকিলে প্রয়োজনে নিজ খরচায় ভুল শুদ্ধ করিয়া ক্ষতিপূরণ সহ নতুন দলিল প্রস্তুত ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিব। দলিলে বর্ণিত সম্পত্তিতে আমার বৈধ স্বত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখঃ- ২৫/০৭/২০২৪ ইং

সনাক্তকারীর স্বাক্ষর — মো: জুবায়ের

হলফকারীর স্বাক্ষর — মুক্তা আক্তার

Solemnly affirmed

before the Court of Sub-Registrar পল্লবী,

by মুক্তা আক্তার

Identified by মো: জুবায়ের

to day on ........ at ........ AM/PM

২৫/০৭/২৪

প্রদীপ কুমার বিশ্বাস

সাব-রেজিস্ট্রার, পল্লবী

ঢাকা

২৫/৭/২৪

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"